

জবির গুচ্ছ ভাগ্য নির্ধারণ সিন্ডিকেট সভায়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৬ মার্চ ২০২৩ ১২:০০ এএম

| আপডেট: ১৫ মার্চ ২০২৩

১১:৩১ পিএম

বিশ্ববিদ্যালয়
আমাদের ময়

advertisement

২০২২-২৩ শিক্ষাবর্ষের গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) থাকবে কিনা তা চূড়ান্ত হবে বিশ্ববিদ্যালয়ের ৯২তম সিন্ডিকেট সভায়। গতকাল বুধবার জবির বিশেষ একাডেমিক কাউন্সিলের সভায় সদস্যরা গুচ্ছে না থাকার পক্ষে মতামত দিলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ইমদাদুল হয় বিষয়টিকে সিন্ডিকেটে উপস্থাপনের সিদ্ধান্ত নেন। তবে কবে নাগাদ এই সিন্ডিকেট সভা হতে পারে, তা এখনো জানা যায়নি।

একাডেমিক কাউন্সিলের একাধিক সদস্যের সঙ্গে কথা বলে জানা যায়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা দীর্ঘদিন ধরে গুচ্ছ থেকে বের হয়ে

advertisement

এসে নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নিতে দাবি জানিয়ে আসছিলেন। একাধিকবার উপাচার্য বরাবর লিখিত দাবিও জানিয়েছিলেন তারা। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের এই দাবির মুখে বুধবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল সভা আহ্বান করেন উপাচার্য। ৬৮ জন সদস্যের মধ্যে এ সভায় ৫০ জন উপস্থিত ছিলেন। এদের মধ্যে গুচ্ছের বিপক্ষে ৩৫ জন, পক্ষে দুজন এবং বাকি ১৩ জন সদস্য গুচ্ছে থাকা না থাকার বিষয়ে কোনো মত দেননি। বৈঠক শেষে সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে প্রাথমিকভাবে জবির গুচ্ছ থেকে বেরিয়ে আসার সিদ্ধান্ত হয়। পরে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য উপাচার্য সিন্ডিকেটে উপস্থাপনের সিদ্ধান্ত নেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ইমদাদুল হক বলেন, একাডেমিক কাউন্সিলের সদস্যরা সভায় তাদের বক্তব্য দিয়েছেন। তাদের বক্তব্য অনুযায়ী পরবর্তী সিন্ডিকেট সভায় আলোচনা করে গুচ্ছ থাকা না থাকার চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।